

২০২৪

বাংলা

(অনার্স)

স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স (SEC)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠ্যক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোড : BENG-H-SEC-T-1

(বানান বিধি, প্রুফ সংশোধন, সাহিত্য পাঠদান ও প্রয়োগবৈচিত্র্য)

[CBCS]

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

- ক) কবিতায় স্তবক বিন্যাস কেন করা হয়?
- খ) কবিতা পাঠের দুটি উদ্দেশ্য লেখো।
- গ) ছোটগল্পের পরিণতি কেমন হয়?
- ঘ) নাট্য-দ্বন্দ্ব বলতে কী বোঝায়?
- ঙ) পার্শ্বচরিত্র বলতে কী বোঝায়?
- চ) নাটকে অঙ্ক ও দৃশ্য বিভাজন কেন করা হয়?
- ছ) বাংলা গদ্যে যতি চিহ্ন বা বিরামচিহ্ন কেন ব্যবহার করা হয়?

(পরের পাতায়)

জ) শ্রেণিকক্ষে সাহিত্য-পাঠদানের দুটি প্রচলিত পদ্ধতির উল্লেখ করো।

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

ক) তোমার পাঠ্য একটি গ্রন্থের গ্রন্থ-সমালোচনা প্রস্তুত করো।

খ) একটি কবিতা পাঠকালে তুমি কোন কোন বিষয় মেনে চলবে?

গ) শ্রেণিকক্ষে সাহিত্য পাঠদানের সময় 'নামকরণ' বিষয়ে ছাত্র-ছাত্রীদের অবহিত করা হয় কেন?

ঘ) সাহিত্য-বিষয়ক আলোচনাচক্রে বিষয়-নির্বাচনে কোন কোন দিকগুলি বিশেষভাবে লক্ষ রাখতে হয়?

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

ক) ছোটগল্পের নাট্যরূপ দানের ক্ষেত্রে মঞ্চ নির্দেশনার গুরুত্ব ও তার প্রয়োগ তাৎপর্য দেখাও।

খ) প্রুফ সংশোধন করো :

কম্পোজ ম্যাটার —

সুকের লাগিয়া এই ঘর বাধিনু

আননে পুড়িয়া লেল

অমিয়া শাগরে শিনান কতিতে

সক লই গলল ভেল।।

শফি কি মর কলমে লে খি।

শ্রী লত বলিয়া ও চাঁদ শোধনু

ভানুল কিরন দেখি।।

মূল কপি —

সুখের লাগিয়া এ ঘর বাধিনু

অনলে পুড়িয়া গেল।

অমিয়া-শাগরে শিনান করিতে

সকলি গরল ভেল।।

সখি কি মোর করমে লেখি।

শীতল বলিয়া ও চাঁদ সেবিনু

ভানুর কিরণ দেখি।।

গ) মাইকেল মধুসূদন দত্তের দ্বিশতবর্ষ উপলক্ষে আয়োজিত আলোচনা চক্রের পরিকল্পনায় একটি খসড়া প্রস্তুত করো।

ঘ) বানান সংশোধনের নিয়মগুলি কী কী লেখো।

347/Beng(C)

UG/3rd Sem/BENG-H-SEC-T-I/24



সংস্কৃত